

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০২৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (এফআরসি)

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

পর্যটন ভবন (৯ম তলা) প্লট: ই-৫ সি/১

পশ্চিম আগারগাঁও, শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা

ঢাকা-১২০৭, বাংলাদেশ

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/০৪ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

নং ১৩২/এফআরসি/এসএস/প্রজ্ঞাপন/২০২১/১৯৯।—যেহেতু, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সালের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইনের ধারা ৪০ এর উপ-ধারা (১) এর (খ)-এ কাউন্সিল কর্তৃক উক্ত আইনের উদ্দেশ্য পূরণকল্পে অডিটিং স্ট্যান্ডার্ডস জারি করিবার ক্ষমতা রহিয়াছে এবং

যেহেতু, কাউন্সিল উক্ত আইনের ধারা ৪৩ অনুযায়ী অডিটিং স্ট্যান্ডার্ডসমূহ প্রাক-প্রকাশনাপূর্বক আত্মসমীচীন ব্যক্তিবর্গের নিকট হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে মতামত আহ্বান করিয়া কাউন্সিলের ওয়েবসাইটে নোটিশ জারি করিয়াছে এবং দুইটি জাতীয় দৈনিক পত্রিকায় ধারাবাহিকভাবে তিন দিন বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করিয়াছে এবং

যেহেতু, কাউন্সিলের প্রাক-প্রকাশনা বিষয়ে কোনো মতামত বা আপত্তি পাওয়া যায় নাই সেহেতু কাউন্সিল উহার ১৩তম সভায় গৃহীত সিদ্ধান্তক্রমে বাংলাদেশের অধিক্ষেত্রে নিরীক্ষা চর্চার মান নিশ্চিতকরণে প্রযোজ্য ইন্টারন্যাশনাল অডিটিং এন্ড এ্যাসুরেন্স স্ট্যান্ডার্ডস বোর্ড (IAASB) এবং ইন্টারন্যাশনাল ইথিক্স স্ট্যান্ডার্ডস বোর্ড ফর অ্যাকাউন্টেন্টস (IESBA) কর্তৃক ইস্যুকৃত নিম্নবর্ণিত

(৭৭৫৯)

মূল্য : টাকা ৪.০০

মানদণ্ড ও কোড পরিগ্রহণ ও জারি করিতেছে। পরিগৃহীত মানদণ্ড ও কোড ইন্টারন্যাশনাল ফেডারেশন অব অ্যাকাউন্টেন্টস (IFAC) এর সঙ্গে এফআরসি সম্পাদিত চুক্তিপত্রের সূত্রে প্রাপ্ত কপিরাইট ভিত্তিতে পরিগৃহীত এবং তা সময় সময় হালনাগাদকরণ করা হবে।

- * International Standards on Auditing (ISA)
- * International Standards on Assurance Engagements (ISAE)
- * International Standards on Review Engagements (ISRE)
- * International Standards on Related Services (ISRS)
- * International Standards on Quality Control (ISQC)
- * International Standards on Quality Management (ISQM)
- * International Auditing Practice Notes (IAPN)
- * International Code of Ethics for Professional Accountants
- * International Independence Standards

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর ধারা ৪০ এর উপ-ধারা (৩) মোতাবেক সকল তালিকাভুক্ত নিরীক্ষক এবং নিরীক্ষা ফার্ম তাহাদের পেশাগত দায়িত্ব পালনের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক জারীকৃত অডিটিং স্ট্যান্ডার্ড ও নৈতিকতা কোডসমূহে উল্লিখিত ন্যূনতম শর্ত প্রতিপালনসহ আইনের অধীন জারীকৃত সংশ্লিষ্ট বিধি, প্রবিধান, কোড বা গাইডলাইন অনুসরণ করিবেন।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

ড. মোঃ হামিদ উল্লাহ্ ভূঞা

চেয়ারম্যান

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল।